

সুজানগরে নবম শ্রেণীর অধিকাংশ শিক্ষার্থী কৃষি ও বিজ্ঞান বই পায়নি

নিজস্ব সংবাদদাতা, পাবনা, ১৮ মে। সুজানগরে পাঠ্য বই না পেয়ে নবম শ্রেণীর ২ হাজার ৬৭০ শিক্ষার্থীর আসন্ন অর্ধবার্ষিক পরীক্ষা অনিশ্চিত হয়ে পড়েছে। এ নিয়ে অভিভাবক ও শিক্ষার্থীরা উদ্বেগ প্রকাশ করেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের ঘোষণা অনুযায়ী জানুয়ারির প্রথম দিকেই প্রত্যেক ছাত্রছাত্রীর হাতে পাঠ্য বই তুলে দেয়া হয়। কিন্তু ৫ মাস অতিবাহিত হতে চলেছে এখনও এ উপজেলায় পাঠ্যসূচীর সাধারণ বিজ্ঞান ও কৃষি শিক্ষা বই বিতরণ করা হয়নি। অথচ জুনের প্রথম দিকেই শুরু হতে যাচ্ছে অর্ধবার্ষিক পরীক্ষা। বই হাতে না পেয়ে পরীক্ষায় কিভাবে অংশগ্রহণ করবে এই ভেবে উন্নিয় রয়েছে ছাত্রছাত্রী ও অভিভাবকরা। দুলাই উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনহার আলী জানান, নবম শ্রেণীর প্রায় দেড় শ' ছাত্রছাত্রী সাধারণ বিজ্ঞান ও কৃষি শিক্ষা বই এখন পর্যন্ত হাতে না পাওয়ায় ওই বিষয়ে পড়াশোনা না করেই জুনের প্রথম দিকে অর্ধবার্ষিক পরীক্ষায় অংশ নিতে যাচ্ছে। এ

ছাত্রছাত্রী উপজেলার অধিকাংশ স্কুলেরই ছাত্রছাত্রীদের হাতে এখন পর্যন্ত সাধারণ বিজ্ঞান ও কৃষি শিক্ষা বই পৌঁছায়নি। ফলে উপজেলার ৩৭ স্কুলের শিক্ষার্থীর অর্ধবার্ষিক পরীক্ষা অনিশ্চিততার মধ্যে পড়েছে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নজরুল ইসলাম জানিয়েছেন, উপজেলার ৩৭ স্কুলের জন্য ৩ হাজার ৭০০ পাঠ্য বইয়ের চাহিদার বিপরীতে বই পেয়েছি মাত্র ৯শ' ৩০টি। যে সব ছাত্রছাত্রী এখনও বই পায়নি তাদের সিনিয়র ছাত্রছাত্রীর কাছ থেকে পুরনো বই সংগ্রহ করে পড়ার কথা বলা হয়েছে। কিন্তু স্কুল কর্তৃপক্ষ তা না করে নতুন বই পাওয়ার অজুহাত দেখিয়ে সমস্যা সৃষ্টি করে রেখেছে। শিক্ষকরা জানিয়েছেন, পুরনো বইয়ের সঙ্গে এবারের সিলেবাসের মিল না থাকায় এটি সমন্বয় করা সম্ভব হয়নি। শিক্ষকরা আসন্ন পরীক্ষার আগেই যত দ্রুত সম্ভব শিক্ষার্থীদের হাতে বই তুলে দেয়ার দাবি জানিয়েছেন।